হয়। কিছু দেশ নতুন সরকার গঠন করে স্বাধীনতা
পেয়ে, আবার কিছু দেশ সামরিক শাসনের দ্বারা
শাসিত হয় ও যুক্তরাষ্ট্র অর্থ দিয়ে নিয়েছিল।
উপনিবেশবাদের প্রভাবকে ইউরোপীয় সরকারগুলি
সহজে একেবারে মুছতে পারেনি, সেক্ষেত্রে-
ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে যে ঠান্ডা
লড়াই (Cold war) চলেছিল ও উপনিবেশের
পরিবর্তে অর্থনৈতিক বিকাশ চলেছিল এবং সঙ্গে
উপনিবেশবাদের সংস্কার চলতে থাকে ও
এই ঘটনাবলীর দ্বারা প্রভাবিত হয়। বলা যায়
যে উপনিবেশবাদগুলি আন্তর্জাতিক সম্পর্ককে
প্রভাবিত করে।

যে দেশগুলিতে উপনিবেশ গড়ে উঠে
যেমন- ভারত, চীন, কোরিয়া প্রভৃতি ছিল
দরিদ্র ও প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এর
সাথে ছিল মধ্য প্রাচ্যের কিছু দেশ, যেমন-
ইরান এবং আফ্রিকার দেশ, যেমন- ইথিওপিয়া।
উনবিংশ শতকের মাঝামাঝি থেকে
শেষ পর্যন্ত ইউরোপীয় শক্তিশালী আফ্রিকা
ও দক্ষিণ-পূর্ব এশিয়ার কোণে কোণে
উপনিবেশ বিস্তার করেছিল এবং এই দেশ-
গুলিকে যথেচ্ছ শোষণ করে কাঁচামাল
ও সম্পদের আহরণ করত, এই উপনিবেশ-
গুলিতে ইউরোপীয় জাতি বিচ্ছিন্নভাবে ছিল।
সামরিক সেনা ও এই উপনিবেশগুলি থেকে
যোগাড় করা হত। উপনিবেশগুলিকে এমনভাবে
সীমায়িত করেছিল বিদেশী শাসকেরা যে
এখানে প্রাকৃতিক ও ভৌগোলিক ও সাংস্কৃতিক
বিকাশ ও ঐক্য ব্যাহত হয়।

Scanned with CamScanner

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান ইউরোপীয় শক্তিগুলিকে এশিয়া থেকে দূরে সরিয়ে দেয়, ১৯৪৫ সালে জাপানের আত্মসমর্পণের পরে পূর্ববর্তী এশীয় ঔপনিবেশিকগুলিতে স্থানীয় জাতীয়তাবাদী আন্দোলনগুলি সম্পূর্ণ স্বাধীনতার পক্ষে প্রচার চালায়। ইন্দোনেশিয়া ও ফরাসি ইন্দোচীনের মত অনেক ক্ষেত্রে এই জাতীয়তাবাদীরা ইউরোপীয় আত্মসমর্পণের পরে জাপানীদের সাথে যুক্ত হয়েছিল, এই স্বাধীনতা-আন্দোলনগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারের কাছে সমর্থনের জন্য আবেদন করে, মার্কিন যুক্তরাষ্ট্র জাতীয় আত্ম-নিয়ন্ত্রণের ধারণাকে সমর্থন করলেও এর ইউরোপীয় মিত্রদের সাথে দৃঢ় সম্পর্ক ছিল অর্থাৎ ~~ঔ~~ ঔপনিবেশিক মিত্রদের সাথে। ঠান্ডা যুদ্ধ মার্কিন অবস্থানকে আন্তর্জাতিকভাবে জটিল করে তুলেছিল কারণ ইউরোপে কমিউনিজমের সম্প্রসারণ ও সোভিয়েত যুক্তরাষ্ট্রের কৌশলগত অবস্থান একে আতঙ্কিত করে তোলে। ইউরোপীয় শক্তিগুলিও প্রায়: বুঝতে পারে যে কর্মকালের জন্য তারা উপনিবেশের উপর নির্ভরশীল হলেও আর উপনিবেশগুলিকে নিয়ন্ত্রণে রাখতে পারে না। মার্কিন সরকার এ বিষয়ে জোর না করলেও NATO অন্তর্ভুক্ত দেশগুলি এশীয় উপনিবেশগুলিকে মুক্ত করতে শুরু করে। ১৯৪৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্র ফিলিপাইনসকে স্বাধীনতা দিয়েছিল।

Scanned with CamScanner